# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
# তথ্য অধিদফতর
# বাংলাদেশ সচিবালয়
# ঢাকা

## সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

সংখ্যা : ১৬/২০১৮-১৯

ঢাকা, রোববার, ২২ জুলাই ২০১৮, ৭ শ্রাবণ ১৪২৫

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। রাষ্ট্রপতি বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ে যাচ্ছেন আজ

২। বাংলাদেশের এগিয়ে যাওয়া অব্যাহত থাকবে : গণসংবর্ধনা অনুষ্ঠানে প্রধানমন্ত্রী

৩। বঞ্চিত মানুষের কাছে আইনের সেবা পৌঁছে দিতে হবে : স্পিকার

৪। মৎস্য সপ্তাহ শুরু আজ : রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর বাণী

৫। হজ এজেন্সিগুলো তিন শর্তে আরও চার শতাংশ হজযাত্রী প্রতিস্থাপনের সুযোগ পাবে সংবাদ সম্মেলনে ধর্মমন্ত্রী

৬। ডিজিটাল নিরাপত্তা আইন অনুসন্ধানী সাংবাদিকতায় কোনো বাধা হবে না তথ্যপ্রযুক্তিমন্ত্রী

৭। গত অর্থবছরে ৩৯ লাখ গ্রাহককে নতুন সংযোগ প্রদান করেছে পল্লী বিদ্যুৎ
বিদ্যুৎ প্রতিমন্ত্রী

৮। কর্মসংস্থান ও বৈদেশিক মুদ্রা অর্জনে পাটখাতের ভূমিকা বাড়ছে

৯। সাগরে লঘুচাপ : সমুদ্রবন্দরসমূহে ৩ নম্বর সতর্ক সংকেত

**১। রাষ্ট্রপতি বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ে যাচ্ছেন আজ**

রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ আজ (২২ জুলাই রোববার) বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় (বাকৃবি)-এর ৫৭ বছর পূর্তি উদ্‌যাপন অনুষ্ঠানে যোগ দিতে বাকৃবিতে যাচ্ছেন। দিনব্যাপী সফরে রাষ্ট্রপতি হাওড় ও চর উন্নয়ন ইনস্টিটিউটের ভিত্তিপ্রস্তর স্থাপন এবং কৃষিপ্রযুক্তি মেলার উদ্বোধন করবেন। গতকাল (২১ জুলাই শনিবার) বিশ্ববিদ্যালয়ের পশুপালন অনুষদে আয়োজিত সংবাদ সম্মেলনে এ কথা নিশ্চিত করেছেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মোঃ আলী আকবর। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **ইত্তেফাক** (পৃ.২,ক.৫)।

**২। বাংলাদেশের এগিয়ে যাওয়া অব্যাহত থাকবে : গণসংবর্ধনা অনুষ্ঠানে প্রধানমন্ত্রী**

ক্ষুধা-দারিদ্র্যমুক্ত ও সুখী-সমৃদ্ধ বাংলাদেশ গড়ে তোলার দৃঢ় অঙ্গীকার পুনর্ব্যক্ত করে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, বাংলাদেশের মানুষের ভাগ্য নিয়ে কেউ ছিনিমিনি খেলবে– সেটি বরদাশত করা হবে না। বাংলাদেশের এগিয়ে যাওয়া অব্যাহত থাকবে। দেশের মানুষের জীবন উন্নত হবে, সমৃদ্ধ হবে– সেটিই তাঁর সরকারের লক্ষ্য। বাংলাদেশ ২০২০ সালে জাতির পিতার জন্মশতবার্ষিকী এবং ২০২১ সালে স্বাধীনতার সুবর্ণজয়ন্তী পালন করবে একটি ক্ষুধা ও দারিদ্র্যমুক্ত দেশ হিসেবে। ২০৪১ সালের মধ্যে বাংলাদেশ এশিয়ার মধ্যে উন্নত-সমৃদ্ধ ও বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলা হিসেবে গড়ে উঠবে। গতকাল (২১ জুলাই শনিবার) ঢাকার সোহরাওয়ার্দী উদ্যানে বাংলাদেশ আওয়ামী লীগ আয়োজিত গণসংবর্ধনা অনুষ্ঠানে প্রধানমন্ত্রী শেখ হাসিনা এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.১), **ইত্তেফাক** (পৃ.১,ক.৫), **অবজারভার** (পৃ.১,ক.২), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.২)।

**৩। বঞ্চিত মানুষের কাছে আইনের সেবা পৌঁছে দিতে হবে : স্পিকার**

স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী বলেছেন, আইনজীবীদের শোষিত-বঞ্চিত মানুষের কাছে আইনের সেবা পৌঁছে দিতে হবে। সংবিধান অনুযায়ী প্রত্যেক নাগরিকের বিচার পাওয়ার যে অধিকার, তা নিশ্চিত করার ক্ষেত্রে আইনজীবীদের ভূমিকা রাখতে হবে। গতকাল (২১ জুলাই শনিবার) ঢাকা বিশ্ববিদ্যালয়ের নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে 'এন্টি জেনেরিক লার্নিং অ্যান্ড রেবেলিয়াস ল-ইয়ারিং : রিফ্লেকশন অন লিগ্যাল এডুকেশন ইন বাংলাদেশ' শিরোনামের গ্রন্থের প্রকাশনা অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। গ্রন্থটি রচনা করেন মানবাধিকার কমিশনের সাবেক চেয়ারম্যান ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের আইন বিভাগের অধ্যাপক ড. মিজানুর রহমান। সূত্র-**সমকাল** (পৃ.৩,ক.১), **সংবাদ** (শেষ পৃ.,ক.৬), **অবজারভার** (পৃ.৩,ক.১), **ডেইলি সান** (পৃ.৩,ক.৬)।

**৪। মৎস্য সপ্তাহ শুরু আজ : রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর বাণী**

আজ ২২ (জুলাই রোববার) থেকে সারাদেশে শুরু হয়েছে 'জাতীয় মৎস্য সপ্তাহ-২০১৮'। এ উপলক্ষে মেলা, প্রদর্শনী, আলোচনাসভা, জলাশয়ে মাছের পোনা ছাড়াসহ নানা কর্মসূচি গ্রহণ করেছে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়। মৎস্য সপ্তাহের এবারের প্রতিপাদ্য- 'স্বয়ংসম্পূর্ণ মাছে দেশ, বঙ্গবন্ধুর বাংলাদেশ'। জাতীয় মৎস্য সপ্তাহ উপলক্ষে রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা পৃথক বাণী দিয়েছেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৫), **নিউ নেশন** (পৃ.১০,ক.৫)।

**৫। হজ এজেন্সিগুলো তিন শর্তে আরও চার শতাংশ হজযাত্রী প্রতিস্থাপনের সুযোগ পাবে সংবাদ সম্মেলনে ধর্মমন্ত্রী**

হজ এজেন্সিগুলোকে তিন শর্তে আরও ৪ শতাংশ হজযাত্রী প্রতিস্থাপনের সুযোগ দিয়েছে ধর্ম মন্ত্রণালয়। গতকাল (২১ জুলাই শনিবার) বেইলি রোডে এক সংবাদ সম্মেলনে ধর্মমন্ত্রী মতিউর রহমান এ ঘোষণা দেন। মন্ত্রী বলেন, বাংলাদেশের জন্য নির্ধারিত কোটা যাতে অপূর্ণ না থাকে তাই কোটার সমসংখ্যক হজযাত্রীকে হজ পালনের সুযোগ দেওয়ার লক্ষ্যে এবং সুষ্ঠু হজ ব্যবস্থাপনার স্বার্থে সরকার শর্তসাপেক্ষে আরও ৪ শতাংশ হজযাত্রী প্রতিস্থাপনের সিদ্ধান্ত নিয়েছে। সূত্র-**সমকাল** (পৃ.৫,ক.৬), **যুগান্তর** (পৃ.২,ক.২)।

**৬। ডিজিটাল নিরাপত্তা আইন অনুসন্ধানী সাংবাদিকতায় কোনো বাধা হবে না তথ্যপ্রযুক্তিমন্ত্রী**

ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তিমন্ত্রী মোস্তাফা জব্বার বলেছেন, আর্থিক লেনদেনকারী প্রতিষ্ঠানগুলোকে সাইবার অপরাধ থেকে বাঁচাতে ডিজিটাল নিরাপত্তা আইন তৈরি করা হচ্ছে। পরবর্তী সংসদ অধিবেশনে আইনটি পাশ হবে। এটি অনুসন্ধানী সাংবাদিকতায় কোনো বাধা হবে না। গতকাল (২১ জুলাই শনিবার) মেহেরপুরে এক অনুষ্ঠানে সাংবাদিকদের প্রশ্নের জবাবে মন্ত্রী এ কথা বলেন। সূত্র-**যুগান্তর** (পৃ.২,ক.৮), **ইত্তেফাক** (পৃ.৭,ক.৫)।

**৭। গত অর্থবছরে ৩৯ লাখ গ্রাহককে নতুন সংযোগ প্রদান করেছে পল্লী বিদ্যুৎ বিদ্যুৎ প্রতিমন্ত্রী**

বিদ্যুৎ, জ্বালানি এবং খনিজসম্পদ প্রতিমন্ত্রী নসরুল হামিদ বলেছেন, ২০১৭-১৮ অর্থবছরে বাংলাদেশ পল্লী বিদ্যুৎ বোর্ড (বাপবিবোর্ড) ৫৫ হাজার কিলোমিটার লাইন নির্মাণ ও ১৮০০ এমভিএ ক্ষমতাসম্পন্ন উপকেন্দ্র স্থাপন করে ৩৯ লাখ গ্রাহককে নতুন সংযোগ প্রদান করেছে। গতকাল (২১ জুলাই শনিবার) খিলক্ষেতে পল্লী বিদ্যুতায়ন বোর্ডের জেনারেল ম্যানেজার (জিএম) সম্মেলনের উদ্বোধন অনুষ্ঠানে তিনি এ মন্তব্য করেন। জিএম সম্মেলনে আরইবি'র পক্ষ থেকে আরো জানানো হয়, ইতোমধ্যে দেশের ৫৮ উপজেলাকে শতভাগ বিদ্যুতায়িত হিসেবে উদ্বোধন করা হয়েছে। আগামী ডিসেম্বরের মধ্যে আরো ৭০টি উপজেলাকে শতভাগ বিদ্যুতায়িত হিসেবে ঘোষণা করতে চায় আরইবি। এর বাইরে আরো ১৫০ উপজেলায় শতভাগ বিদ্যুতায়নের কাজ চলছে। সূত্র-**ভোরের কাগজ** (পৃ.৪,ক.২), **সমকাল** (পৃ.২,ক.১), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.১), **ডেইলি সান** (পৃ.৩,ক.৬)।

**৮। কর্মসংস্থান ও বৈদেশিক মুদ্রা অর্জনে পাটখাতের ভূমিকা বাড়ছে**

দেশের প্রায় চার কোটি মানুষ প্রত্যক্ষভাবে পাটখাতের সঙ্গে যুক্ত। জুট প্যাকেজিং অ্যাক্ট করায় দেশে অভ্যন্তরীণ বাজারে পাটের ব্যবহার বাড়ছে। আর দেশের চাহিদা মিটিয়ে রপ্তানিও বাড়ছে। বিদায়ী ২০১৭-১৮ অর্থবছরে পাট রপ্তানি করে আয় হয়েছে ১০২ কোটি ৫৫ লাখ মার্কিন ডলার, যা আগের বছরের চেয়ে ৬ দশমিক ৫৬ শতাংশ বেশি। আগের বছরের একই সময়ে পাট রপ্তানি করে আয় হয়েছিল ৯৬ কোটি ২৪ লাখ মার্কিন ডলার। পাট ও বস্ত্র মন্ত্রণালয় ও রপ্তানি উন্নয়ন ব্যুরো'র সূত্রে এসব তথ্য জানা যায়। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৮,ক.১)।

**৯। সাগরে লঘুচাপ : সমুদ্রবন্দরসমূহে ৩ নম্বর সতর্ক সংকেত**

বঙ্গোপসাগরে সৃষ্ট লঘুচাপের প্রভাবে সক্রিয় হয়ে উঠেছে মৌসুমী বায়ু। এতে চলমান তাপদাহ কমতে শুরু করেছে। এদিকে, সাগরের লঘুচাপের কারণে চট্টগ্রাম, কক্সবাজার, মংলা ও পায়রা সমুদ্রবন্দরসমূহকে ৩ নম্বর স্থানীয় সতর্ক সংকেত দেখিয়ে যেতে বলা হয়েছে। উত্তর বঙ্গোপসাগরে সৃষ্ট লঘুচাপের প্রভাবে মৌসুমী বায়ু সক্রিয় হওয়ায় বাতাসে আর্দ্রতার পরিমাণ কমতে শুরু করেছে। এখন থেকে কয়েকদিন টানা বর্ষণের সম্ভাবনা রয়েছে। সূত্র-**সংবাদ** (পৃ.১৫,ক.৬), **ভোরের কাগজ** (পৃ.১১,ক.৮), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.১)।

**সম্পাদকীয়**

ক. **ইত্তেফাক :** সম্প্রতি প্রকাশিত এইচএসসি ও সমমানের পরীক্ষায় জিপিএ-৫ প্রাপ্তদের সংখ্যা গত তিন বছরের তুলনায় প্রায় অর্ধেকে নেমে এসেছে এবং পাসের হার কমেছে উল্লেখ করে পরীক্ষার খাতার যথাযথ মূল্যায়ন ও প্রশ্নপত্র ফাঁস কঠোরভাবে নিয়ন্ত্রণ এর প্রকৃত কারণ বলে মতপ্রকাশ।

খ. **যুগান্তর :** দেশে আবারও ডেঙ্গুজ্বর ও চিকুনগুনিয়ার প্রকোপ দেখা দেওয়ায় উদ্বেগ প্রকাশ করে এ ব্যাপারে সচেতন হওয়ার আহ্বান।

গ. **বণিক বার্তা :** কয়েক বছর ধরে দেশে মুরগি, দুধ, ডিমের মতো প্রাণিজ আমিষের উৎপাদন বাড়ার কথা উল্লেখ করে এর পাশাপাশি গরু, মহিষ, ছাগল ও ভেড়া উৎপাদন বাড়াতে কার্যকর পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

ঘ. **ইন্ডিপেনডেন্ট :** নির্যাতন প্রতিহতের লক্ষ্যে শিশুদের নিরাপত্তায় বিনিয়োগ বাড়ানোসহ শিশুদের প্রতি জনগণের মনোভাব পরিবর্তনে ব্যাপক প্রচারণা অব্যাহত রাখতে বাজেটে বরাদ্দ বাড়ানোর ওপর গুরুত্বারোপ।

ঙ. **ডেইলি সান :** স্বাস্থ্যকর ও নিরাপদ খাদ্যের মানদণ্ডে রাজধানীর সাত হাজারের অধিক রেস্টুরেন্টকে গ্রেডিং সিস্টেমে নিয়ে আসার লক্ষ্যে বাংলাদেশ ফুড সেফটি অথরিটি কর্তৃক গৃহীত উদ্যোগকে স্বাগত জানিয়ে দেশের ক্যাটারিং সার্ভিসে সব নৈরাজ্য অবসানের প্রত্যাশা।

চ. **নিউ এজ :** শিক্ষার্থী ও অভিভাবকদের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে ছোটাছুটির হয়রানি বন্ধে দেশের ৪০টি সরকারি বিশ্ববিদ্যালয়ে গুচ্ছ পদ্ধতিতে ভর্তিপরীক্ষা অনুষ্ঠানের ওপর গুরুত্বারোপ করে সম্পাদকীয় প্রকাশ।

**উপসম্পাদকীয়**

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, মাছ চাষের মাধ্যমে অসংখ্য পরিবারের জীবিকা নির্বাহ হচ্ছে এবং এভাবে বাংলাদেশে দারিদ্র্যবিমোচন দ্রুততর হচ্ছে।

**নিবন্ধ ও ফিচার**

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত **'চাই পারিবারিক সুদৃঢ় বন্ধন'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, সন্তানদের বিষয়ে তাদের পিতামাতা সজাগ থাকলে তরুণদের দ্বারা বর্তমান সময়ে যেসব অনাকাঙ্ক্ষিত ঘটনা ঘটছে তা অনেকাংশে কমে আসবে।

#

ফাহিমা/শুকলা/মরজিনা/সাঈদা/তানিয়া/২০১৮/৯.০০ঘন্টা